

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা),  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৯৭.২৪.৪৬০

বিষয়: ডালাস ইন্টিস এন্ড কালার লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে আমদানি স্বত্ব হ্রাস করে শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রসংগে।

সূত্র: আবেদনপত্র নং- ১১৮০, তারিখঃ ১৭/১১/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ডালাস ইন্টিস এন্ড কালার লিমিটেড, অফিস ও কারখানা: হোল্ডিং নং-৩৭, ব্লক-বি, রোড নং-১০, চারাবাগ, আশুলিয়া, সাভার, ঢাকা, শিল্প উপ-খাত প্রিন্ট, এমব্রয়ডারী এর অধীনে ১০০% রপ্তানিমুখী শিল্প হিসাবে নিবন্ধনকৃত একটি কারখানা। যার বস্ত্র অধিদপ্তরের প্রস্তাবিত নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি/০০০১০২১-২২, তারিখঃ ২১/০৯/২০২২ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আইআরসি নং- (২৬০৩২৬১২০৭৩৪০২২), তারিখ ০৭/১০/২০২৪ খ্রিঃ এর আমদানি স্বত্ব হ্রাস করে শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন পরিদর্শক সেরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে নিম্নরূপভাবে আমদানি স্বত্ব হ্রাস করে শিল্প আইআরসি নিয়মিতকরণের নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

শিল্প উপখাত	এইচ এস কোড নম্বর	আমদানি স্বত্ব	বর্তমান সুপারিশকৃত বার্ষিক আমদানি স্বত্ব	বর্তমান সুপারিশকৃত বার্ষিক আমদানি স্বত্ব
প্রিন্ট, এমব্রয়ডারী	তালিকা সংযুক্তি	নির্ধারণ করা হয়নি	১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র।	৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা মাত্র।

উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী প্রিন্ট, এমব্রয়ডারী উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন স্বাপেক্ষে ডালাস ইন্টিস এন্ড কালার লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে আমদানি স্বত্ব হ্রাস করে শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য বার্ষিক আমদানি স্বত্ব ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা পুনঃনির্ধারণপূর্বক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী প্রিন্ট, এমব্রয়ডারী কারখানা বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন স্বাপেক্ষে) বন্ডেড ওয়ার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না।



০৩-১২-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৯৭.২৪.৪৬০/১ (৭)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ডালাস ইন্সটিস এন্ড কালার লিমিটেড, অফিস ও কারখানা: হোল্ডিং নং-৩৭, ব্লক-বি, রোড নং-১০, চারাবাগ, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ৪। উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৬। পিএ কাম সাঁট লিপিকার, পরিচালক (বস্ত্র), এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (পরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।



০৩-১২-২০২৫  
মোহাম্মদ মানিক খান  
সহকারী পরিচালক